FEB. 19 2001
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

[illegible] কাগজ

বইমেলা কড়চা

# ভারী বইয়েরও কদর বেশি

াফর আহমদ রাশেদ : তরুণ-তরুণীরা শুধু হালকা উপন্যাস কনে, এ অভিযোগ আর আগের মতো ব্যাপকভাবে তোলা যাবে লে মনে হচ্ছে না। বিজ্ঞান এবং চিকিৎসাবিষয়ক বইয়ের প্রধান ক্রেতাও তারা, গতকাল একাধিক বিক্রেতার সঙ্গে আলাপকালে এ থা জানা গেলো। এদেশের মানুষেরই কেবল গ্রন্থপাঠের প্রতি নীহা রয়েছে তা নয়, যারা বই লেখেন তারাও বই পড়েন না, বই কনেন ন যারা বই কেনেন এবং পাঠ করেন তারা মূলত ছাত্রছাত্রী, তরুণ-তর যাদের পকেটে পর্যাপ্ত পয়সা থাকে না— গত বছরের ইমেলায় রর কাগজকে এ কথা বলেছিলেন প্রফেসর হুমায়ুন আজাদ।

অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, হুমায়ুন আজাদ ঠিকই বলেছিলেন। গতকাল মেলা ঘুরে জানা গেলো, উপন্যাস ও সায়েন্স, ফিকশনের মতো বিজ্ঞান ও চিকিৎসাবিষয়ক বইয়েরও প্রধান ক্রেতা তরুণ-তরুণীরা। যাদের বয়স ২০ থেকে ৩০-এর মধ্যে।

অনুপম প্রকাশনীর কর্মকর্তা শাহদাত হোসেন শাহীন জানিয়েছেন, বয়স্করা কমবেশি আগ্রহ দেখালেও বিজ্ঞান ও চিকিৎসাবিষয়ক বইয়ের প্রধান ক্রেতা ২০ থেকে ৩০ বছর বয়সের ছেলেমেয়েরা। মানসিক রোগের ওপর বই খুব দ্রুত বিক্রি হয়। শিশু-কিশোরদের উপযোগী বিজ্ঞানের বই কিনতে শিশু-কিশোররা তাদের মা-বাবার সঙ্গে পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের কাটিং নিয়ে আসে। এবার অনুপম প্রকাশ করেছে ফারসীম মান্না মোহাম্মদীর 'মহাকাশের কথা,' আবদুল্লাহ আল মুতীর 'শিশুতোষ বিজ্ঞানসমগ্র', সুব্রত বড়ুয়ার 'শিশু-কিশোর বিজ্ঞানসমগ্র', ভবেশ রায়ের 'বিজ্ঞানের বিচিত্র কথা', ডা. সজল আশফাক ও ডা. মিজানুর রহমান কল্লোলের 'মানসিক রোগ', অজানা অধ্যায়'। 'মানসিক রোগ: অজানা অধ্যায়' ও 'মহাকাশের কথা'র বিক্রি বেশ ভালো।

শাহবাগ বইপাড়ার পাঠক সমাবেশ প্রকাশ করেছে সৃষ্টিতাত্ত্বিক গবেষণার সাম্প্রতিক অগ্রগতির বিবরণসহ মহাবিশ্ব সৃষ্টিতত্ত্বের আধুনিক মতবাদ, মোঃ নূর সোলায়মান অনূদিত ও সম্পাদিত বিজ্ঞানী ভাইমবার্গের 'দি ফার্স্ট থ্রি মিনিটস'। ২২৫ টাকার এই বইটি ইতিমধ্যে ৩০০ কপির বেশি বিক্রি হয়েছে। ছাত্ররাই বইটি বেশি কিনছেন বলে পাঠক সমাবেশের স্টলের একজন কর্মী জানিয়েছেন।

অন্যপ্রকাশের ডা. সজল আশফাকের লেখা 'একান্ত মেয়েদের' বই বিক্রি হয়েছে তিনশ'র বেশি। ক্রেতাদের নিরানব্বই শতাং মেয়ে। ডা. মোহিত কামালের 'মানব মনের গতিপ্রকৃতি' এবং ড নিঘাত আরার 'মাদকাসক্তির বিভীষিকা' এনেছে বিদ্যা প্রকাশ। প্র বইটি তরুণ-তরুণীরা কিনছেন, বইটির বিক্রি ভালো।


শিশুদের চিকিৎসা এবং শিশু-কিশোর বিজ্ঞানের বই ভালো বি হচ্ছে। মা-বাবারা বাচ্চাদের নিয়ে মেলায় এসে এ ধরনের বই কি নিয়ে যাচ্ছেন। অনুপম প্রকাশ করেছে ডা. প্রণব কুমার চৌধু 'বেবি কেয়ার' এবং ডা. সুমন চৌধুরীর 'শিশুর যত্ন ও বিকাশ শিক্ষাবার্তা বের করেছে এ এন রাশেদার 'ছোটদের জীবন জিজ্ঞাস মাওলা এনেছে ডা. প্রণব চৌধুরীর শিশুস্বাস্থ্য ও চিকিৎসা'।

এবার প্রকাশিত বিজ্ঞানের বইয়ের মধ্যে রয়েছে ড. মুহা ইব্রাহীম সম্পাদিত 'বিজ্ঞান সাময়িকীর ৪০ বছর: নির্বাচিত রচ সংকলন' (মাওলা), আলী ইমামের 'মহাবিশ্বের জানা অজ (আহমদ পাবলিশিং হাউজ), দ্বিজেন শর্মা অনূদিত কিমটেল 'কাঠামো' (অনুপম), সুমন্ত রায়ের 'বিজ্ঞানাচার্য জগদীশচন্দ্র (অনন্যা), ইত্যাদি।

সাধারণ স্বাস্থ্য ও চিকিৎসাবিষয়ক বই ডা. সুমন চৌধু 'প্রাথমিক চিকিৎসা' (দিব্যপ্রকাশ), ডা. নাজমুল আলমের 'কি রোগের কথা' (মেছবাহউদ্দিন আহমদ) ডা. সামিনা চৌধু 'বধূমাতা কন্যার স্বাস্থ্য তথ্য' (জনান্তিক), ডা. অরূপ রতন চৌ 'সুখের স্বাস্থ্য ও তামাক পাতা' (শিখা), ডা. মিজানুর রহমান ক ও ডা. আব্দুল্লাহ শাহরিয়ারের 'মা ও মেয়ের স্বাস্থ্যসমস্যা' (সূচি মেলায় প্রকাশিত হয়েছে।

এবার মেলায় পরিবেশের ওপর বই প্রকাশিত হ তুলনামূলকভাবে কম। কাকলী মোস্তফা কামালের 'পরিবেশ স ও বাংলাদেশ', মুহাম্মদ হুমায়ুন কবিরের 'পরিবেশকোষ' প্রকা হয়েছে।

কম্পিউটার শিক্ষার ওপর প্রচুর বই প্রকাশিত হয়েছে এব বইমেলায়। এ সব বইয়ের কিছু বয়স্ক ক্রেতা থাকলেও প্রকাশ প্রধান ভরসা ছাত্রছাত্রী, তরুণ-তরুণী।




মেলায় নতুন বই · ছোটদের জীবন জিজ্ঞাসা, শিশুস্বাস্থ্য ও চিকিৎসা, একান্ত মেয়েদের, মাদকাসক্তির বিভীষিকা ও মুক্তির উপায়, বাংলা